Total Pages : 6 B.A/4th Sem (H)/BENG/23(CBCS)

**2023**

# 4th Semester Examination

## BENGALI (Honours)

### Paper : GE 4-T

[CBCS]

MIDNAPORE CITY COLLEGE
ESTD 2017
CENTRAL LIBRARY

Full Marks : 60 Time : Three Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

**(বাংলা গীতি সাহিত্য, শিশু সাহিত্য ও রম্য রচনার ধারা)**

**বিভাগ - ক**

যে কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

১। স্বদেশচেতনামূলক দুটি রবীন্দ্রসঙ্গীতের উল্লেখ করো।

২। বাউলগানের প্রভাব রয়েছে এমন দুটি রবীন্দ্রসঙ্গীতের উল্লেখ করো।

৩। কীর্তন গান কী? কীর্তন আঙ্গিকের একটি রবীন্দ্রসঙ্গীতের প্রথম দুটি পংক্তি উল্লেখ করো।

৪। অতুলপ্রসাদ সেনের যে কোনো একটি গানের প্রথম দুটি পংক্তি উদ্ধৃত করো।

৫। দুটি রাগাশ্রয়ী নজরুলগীতির উল্লেখ করো।

P.T.O.

MIDNAPORE CITY COLLEGE • ESTD 2017 • CENTRAL LIBRARY



৬। 'লালকমল-নীলকমল'-এর উল্লেখ কোন্ পাঠ্যাংশে পাওয়া যায়? এই পাঠ্যাংশের অপর একটি রচনার উল্লেখ করো।

৭। রবীন্দ্রনাথের 'শিশু' কাব্যের প্রকাশকালটি উল্লেখ করো। এর অন্তর্গত দুটি কবিতার নাম লেখো।

৮। 'বুড়ো আংলা' গল্পটির রচয়িতা কে? তাঁর লেখা আর একটি গল্পের নাম করো।

৯। 'টুনটুনির গল্প' কার লেখা? এর অন্তর্গত দুটি গল্পের উল্লেখ করো।

১০। 'আবোল তাবোল' কত সালে প্রকাশ পায়? এর অন্তর্গত দুটি কবিতার নাম লেখো।

১১। ফেলুদার স্রষ্টা কে? ফেলুদাকে নিয়ে লেখা গল্পগুলিকে কী জাতীয় গল্প বলা চলে?

১২। 'হুতোম প্যাঁচার নক্সা' গ্রন্থের রচয়িতা কে? গ্রন্থটির রচনাকাল উল্লেখ করো।

১৩। প্রমথ চৌধুরীর দুটি রচনাবৈশিষ্ট্যের উল্লেখ করো।

১৪। 'কালপেঁচা' কার ছদ্মনাম? তার রচিত রম্যরচনাগুলি কোন্ গ্রন্থে সংকলিত হয়েছে?

১৫। সঞ্জীব চট্টোপাধ্যায় লিখিত দুটি রম্যরচনার নাম উল্লেখ করো।

## বিভাগ - খ

যে কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

১৬। রবীন্দ্রনাথের গানে প্রকৃতি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।





MIDNAPORE CITY COLLEGE • ESTD 2017 • CENTRAL LIBRARY

১৭। রজনীকান্ত সেনের গানের বিশেষত্ব নির্দেশ করো।

১৮। 'টেনিদা' চরিত্রটির স্রষ্টা কে? 'টেনিদা' সিরিজের গল্পগুলির উল্লেখ করে গল্পগুলির বিশিষ্টতা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

১৯। শিশুসাহিত্যিক রূপে লীলা মজুমদারের অবদান সংক্ষেপে আলোচনা করো।

২০। 'হুতোম প্যাঁচার নক্সা' তে শহর কলকাতার যে পরিচয় পাওয়া যায় সে সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

২১। রম্যরচনাকার রূপে সৈয়দ মুজতবা আলীর বিশিষ্টতা সংক্ষেপে আলোচনা করো।

## বিভাগ - গ

যে কোনো ***দু'টি*** প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

২২। রবীন্দ্রনাথের পূজা পর্যায়ের গানগুলির শিল্পমূল্য নিরূপণ করো।

২৩। গীতিকার দ্বিজেন্দ্রলাল রায় সম্পর্কে আলোচনা করো।

২৪। শিশুসাহিত্য স্রষ্টা রূপে সুকুমার রায়ের অবদান আলোচনা করো।

২৫। রম্যরচনাকার রূপে প্রমথ চৌধুরীর পরিচয় দাও।

---

P.T.O.

MIDNAPORE CITY COLLEGE ESTD 2017 CENTRAL LIBRARY



অথবা

**(বাংলা সাহিত্য এবং দার্শনিক, রাজনৈতিক ও সামাজিক চিন্তা)**

**বিভাগ - ক**

যে কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

১। চর্যাপদে কোন্ ধর্মীয় দর্শন রূপায়িত হয়েছে? চর্যাপদের পদগুলি কোন্ সময় পর্বে রচিত?

২। ঔপনিষদিক দর্শন প্রতিফলিত হয়েছে এমন দুটি রবীন্দ্র কাব্যের নাম লেখো।

৩। বঙ্কিমচন্দ্রের কোন্ কোন্ প্রবন্ধ গ্রন্থে অনুশীলন তত্ত্বের কথা রয়েছে লেখো।

৪। বঙ্কিমচন্দ্রের রাজনৈতিক চিন্তার প্রতিফলন ঘটেছে এমন একটি উপন্যাসের নাম ও প্রকাশকাল লেখো।

৫। 'ডাইনীতন্ত্র মূল উপজীব্য' — তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় রচিত এমন দুটি ছোটগল্পের নাম লেখো।

৬। কবি জীবনানন্দের একটি কাব্যগ্রন্থের নাম ও প্রকাশকাল লেখো যেখানে কবির প্রকৃতিচেতনা ধরা পড়েছে।

৭। কবি সুকান্ত ভট্টাচার্যের কবিতায় কোন্ রাজনৈতিক দর্শন দেখা যায়? তাঁর একটি বিখ্যাত কাব্যগ্রন্থের নাম লেখো।

৮। রামমোহন রায়ের অনুবাদকৃত দুটি উপনিষদের নাম লেখো।

৯। রবীন্দ্রনাথের রাজনৈতিক চিন্তার প্রতিফলন ঘটেছে এমন দুটি উপন্যাসের নাম লেখো।



MIDNAPORE CITY COLLEGE ESTD 2017 CENTRAL LIBRARY



১০। পতিতা নারীর জীবনালেখ্য নিয়ে লেখা দুটি বাংলা ছোটগল্পের নাম লেখকের নামসহ লেখো।

১১। তে-ভাগা আন্দোলন বিষয়ে মানিক বন্দ্যোপাধ্যায় রচিত দুটি ছোটগল্পের নাম লেখো।

১২। রচয়িতার নামসহ দুর্ভিক্ষ নিয়ে রচিত একটি বাংলা কবিতা এবং একটি বাংলা নাটকের নাম লেখো।

১৩। রচয়িতার নামসহ বিধবা বিবাহ প্রবর্তন বিষয়ক দুটি বাংলা প্রবন্ধ গ্রন্থের নাম লেখো।

১৪। বৌদ্ধ সমাজ-সংস্কৃতির প্রতিফলন ঘটেছে এমন একটি বাংলা উপন্যাসের নাম ও লেখকের নাম লেখো।

১৫। লেখকের নামসহ বাংলার জেলেদের জীবন রূপায়িত হয়েছে এমন একটি উপন্যাসের নাম লেখো।

**বিভাগ - খ**

যে কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

১৬। বাংলা সাহিত্যে বিধৃত শাক্তদর্শনের পরিচয় দাও।

১৭। বঙ্কিমচন্দ্রের সামাজিক উপন্যাসে বিধবার প্রেম বিষয়ে ঔপন্যাসিকের দৃষ্টিভঙ্গি পর্যালোচনা করো।

১৮। 'পথের পাঁচালী' উপন্যাসে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের সমাজ দর্শনের যে পরিচয় পাওয়া যায় তা লিপিবদ্ধ করো।

P.T.O.

MIDNAPORE CITY COLLEGE
ESTD 2017
CENTRAL LIBRARY



১৯। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের কথাসাহিত্যে প্রতিফলিত গান্ধীজির অহিংস রাজনৈতিক দর্শন বিষয়ে লেখো।

২০। নারীশিক্ষা বিষয়ে স্বামী বিবেকানন্দের ভাবনা আলোচনা করো।

২১। রবীন্দ্রনাথের কাব্যে ফরাসি দার্শনিক বার্গসঁ-র গতিবাদ এবং উপনিষদের 'চরৈবেতি' মন্ত্রের প্রভাব বিষয়ে আলোচনা করো।

## বিভাগ - গ

যে কোনো ***দু'টি*** প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

২২। বিদ্যাসাগরের সমাজভাবনার পরিচয় দাও।

২৩। রামমোহন রায়ের সমাজ-দর্শন সম্পর্কে আলোচনা করো।

২৪। 'আরণ্যক' উপন্যাসে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের নিসর্গ-দর্শনের যে পরিচয় পাওয়া যায় তা লেখো।

২৫। মানিক বন্দ্যোপাধ্যায়ের কথাসাহিত্যে প্রতিফলিত ফ্রয়েডীয় দর্শন বিষয়ে আলোকপাত করো।

---